

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৬৫(আগরতলা, ১৬।৫)
অমরপুর, ১৬মে ২০১৮

গামাকো এ ডি সি ভিলেজে প্রশাসনিক শিবির

অমরপুর মহকুমা প্রশাসনের উদ্যোগে গত ১৫মে অম্পি ব্লকের গামাকো এ ডি সি ভিলেজের ডক্টরসিং পাড়া এস বি স্কুলে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে মহকুমা শাসক অরুণ কুমার রায়, মহকুমা পুলিশ আধিকারিক রাজু রিয়াং সহ সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের উপস্থিতিতে এলাকাবাসীর সাথে সংশ্লিষ্ট এলাকায় গৃহিত বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনাসভা অনুষ্ঠিত হয়। স্বাস্থ্য শিবিরে ৬৮ জনের স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়। শিবিরে আবেদনের ভিত্তিতে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ১৫৩টি এস টি ও ৬৪টি পি আর টি সি প্রদান করা হয়। প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে ২৬৮টি বিভিন্ন গবাদি পশু পাখীর চিকিৎসা করা হয়।
